গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
**www.bpsc.gov.bd**

# বিজ্ঞপ্তি

নং- ৮০.০০.০০০০.১০৯.১১.০০৪.২৬(অংশ-১).২৬২

তারিখ ১১ শ্রাবণ ১৪৩৩
২৮ জুলাই ২০২৬

**বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের ৯ম গ্রেডের "ওয়ার্কসপ সুপার (আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন)" পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।**

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের ৯ম গ্রেডের **"ওয়ার্কসপ সুপার (আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন)"** পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| পরীক্ষার তারিখ ও সময় | মন্ত্রণালয়/অধিদপ্তর | পদের নাম ও গ্রেড | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **২০.০৮.২০২৬ বৃহস্পতিবার** সকাল **১১.০০ মি:** থেকে বিকাল **৩.০০ মি:** | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর | **ওয়ার্কসপ সুপার (আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন) (৯ম গ্রেড)** (বিজ্ঞপ্তির তারিখ: ৩১.০৮.২০২৫ বিজ্ঞপ্তি নং-১০৪) | ৭১ মিলনায়তন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | 000001-800076 | ১৪৪ জন |

## পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:

১. কমিশনের ওয়েবসাইট **www.bpsc.gov.bd** অথবা টেলিটকের ওয়েবসাইট **http://bpsc.teletalk.com.bd** থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ অনলাইনে আবেদনকারী পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

২. কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইট **www.bpsc.gov.bd** অথবা টেলিটকের ওয়েবসাইট **http://bpsc.teletalk.com.bd** থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৩. কোনো পরীক্ষার্থী বই, হাতঘড়ি, স্মার্টঘড়ি, অলঙ্কার (Ornaments), চাবির রিং, ব্যাগ, মানিব্যাগ (Wallet), ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোনো সামগ্রী, মোবাইল ফোন এবং কোনো ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র সঙ্গে নিয়ে পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। **তবে প্রার্থীগণ শুধুমাত্র সায়েন্টিফিক নন-প্রোগ্রামেবল ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন।** পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে পরীক্ষার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, যেকোনো ধরণের যোগাযোগ যন্ত্র বা হাতঘড়ি পাওয়া গেলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কারপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

৪. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৫. **পরীক্ষার্থীদের বাংলা-৪০ নম্বর, ইংরেজি-৪০ নম্বর, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-৪০ নম্বর এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল (আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন) বিষয়ের-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

৬. পরীক্ষার্থীদের একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। পরীক্ষার্থীদের বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. পরীক্ষার্থীদের বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে প্রার্থিতা বাতিল হবে।

৮. **হাজিরা বহির্ভূত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।** হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদেরকে আগামী **০১.০৮.২০২৬** তারিখের মধ্যে (অফিস চলাকলীন সময়ে) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৯ বরাবর (২ কপি রঙিন ছবিসহ) আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে। প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে হলে উপস্থিত হতে হবে।

১০. কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের নির্ধারিত আসন ছাড়া কোনো পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করা হবে না।

১১. কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত পার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- **চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

২৬/০৭/২০২৬

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)